এইচএসসি পরীক্ষা ২০১৮ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

# সমাজকর্ম-প্রথম পত্র : সৃজনশীল প্রশ্ন

বিষয় কোড: | ২ | ৭ | ১ |

সময় ঃ ২ ঘণ্টা ৩০ মিনিট পূর্ণমান—৭০

*দ্রষ্টব্য : দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। মোট সাতটি প্রশ্নের উত্তর দাও।।*

১.▶ মনসুর আলম একজন অবসরপ্রাপ্ত সরকারি কর্মকর্তা। তিনি বর্তমানে গ্রামে থাকেন এবং সেখানে একটি প্রতিষ্ঠান খুলেছেন যাতে কম্পিউটার, ভাষা শিক্ষা এবং জীবন দক্ষতা বিষয়ক ট্রেনিং দেওয়া হয়। এই প্রতিষ্ঠান থেকে ট্রেনিং নিয়ে অনেকেই দেশের ভিতরে এবং বাইরে গিয়ে সফলতা অর্জন করেছেন।

ক. সমাজকর্ম কী? ১

খ. সমাজকর্মকে সক্ষমকারী পেশা বলা হয় কেন? ২

গ. উদ্দীপক 'ও' পাঠ্যবইয়ের আলোকে সমাজকর্মের লক্ষ্য ও উদ্দেশ্যের সাদৃশ্যপূর্ণ বর্ণনা কর। ৩

ঘ. সমাজকর্মের মাধ্যমে পেশাদারী জ্ঞান ও দক্ষতার উন্নয়ন ঘটে- উদ্দীপকের আলোকে আলোচনা কর। ৪

২.▶ প্রায় দশ বছর পর সৌদি আরব থেকে দেশে ফিরে গাজীপুরে এসে অবাক হন জাহিদ মিয়া। এখানে গড়ে ওঠেছে বড় বড় পোশাক কারখানা। এসব কারখানায় নতুন নতুন প্রযুক্তির ব্যবহার হচ্ছে। শ্রমিকরা মজুরির ভিত্তিতে কাজ করে নিজেদের প্রয়োজন পূরণ করছে। অনেক কারখানা গড়ে ওঠায় তাদের মধ্যে চলছে প্রতিযোগিতা। ফলে উৎপাদন বেড়েছে বহুগুণ।

ক. বিভারিজ রিপোর্ট পেশ করেন কে? ১

খ. দরিদ্র আইন বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকের জাহিদ মিয়ার এলাকায় শিল্প বিপ্লবের ইতিবাচক দিকগুলো চিহ্নিত করো। ৩

ঘ. উদ্দীপকের শিল্প বিপ্লবের প্রভাব সামগ্রিক দিক ধারণ করে কি? যৌক্তিক মত দাও। ৪

৩.▶ যাত্রাবাড়ী ফ্লাইওভারের নিচে পনেরো মিনিটের জ্যামে আটকে থেকে মিলুর আজ দারুণ অভিজ্ঞতা হল। সম্পূর্ণ কৌতুহলবশত ভিক্ষুক মোখলেছ মিয়ার সাথে কথা বলে জানতে পারল, ভিক্ষুকদের একটি দল রয়েছে তার এ

Teachingbd.com

দলে যেমন প্রতিবন্ধীদের স্থান রয়েছে, তেমনি রয়েছে সুস্থ সবল ভিক্ষুক আবার পিতৃ-মাতৃহীন অসহায় ছেলেমেয়েরাও তার দলে যোগ দিয়ে ভিক্ষা করছে।

ক. দরিদ্র আইন কী? ১

খ. NAWS গঠন করা হয়েছিল কেন? ২

গ. মোখলেছ মিয়ার ভিক্ষুক দলটি ইংল্যান্ডের এলিজাবেথীয় দরিদ্র আইনের কোন বৈশিষ্ট্যটি তুলে ধরে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত দরিদ্রদের কল্যাণে এলিজাবেথীয় দরিদ্র আইন কার্যকর ভূমিকা রেখেছিল- তুমি কি বক্তব্যটি সমর্থন কর? যক্তিসহ উপস্থাপন কর ৪

৪. ▶ রাজু একজন পেশাদার সমাজকর্মী। মিলন নামক একজন সমস্যাগ্রস্ত ব্যক্তি তার কাছে সাহায্যের জন্য আসলে তিনি তাকে আন্তরিকভাবে গ্রহণ করেন এবং তার মতামতকে প্রাধান্য দিয়ে সমস্যা সমাধানের পরামর্শ দেন। ফলে মিলনের সাথে রাজুর সুসম্পর্ক গড়ে ওঠে এবং সমস্যার ফলপ্রসূ সমাধান হয়।

ক. পেশার আভিধানিক অর্থ কী? ১

খ. ব্যক্তির মূল্য ও মর্যাদার স্বীকৃতিকে পরম মূল্যবোধ বলা হয় কেন? ২

গ. উদ্দীপকে রাজুর কাজে সমাজকর্মের কোন মূল্যবোধের প্রতিফলন ঘটেছে? বুঝিয়ে লেখ। ৩

ঘ. উদ্দীপকের মিলনের সমস্যা সমাধানে উক্ত মূল্যবোধের অনুসরণ যথেষ্ঠ নয়- মন্তব্যটির যথার্থতা নিরূপণ কর। ৪

৫. ▶ আসিফদের এলাকায় প্রায়ই বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগ দেখা যায়। ফলে তাদের এলাকার লোকেরা এই ধরনের দুর্যোগ মোকাবিলার জন্য প্রতিবছর তাদের উৎপাদিত ফসলের একটি উদ্বৃত্ত অংশ নির্দিষ্ট স্থানে জমা করে রাখে। দুর্যোগকালীন সময়ে তারা এই ফসল ব্যবহার করে।

ক. ওয়াকফ কী? ১

খ. বায়তুল মাল বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে আসিফদের এলাকায় গৃহীত ব্যবস্থার সাথে সনাতন সমাজকল্যাণের কোন ব্যবস্থার সামঞ্জস্য রয়েছে? ৩

ঘ. সমাজকল্যাণে উক্ত ব্যবস্থার গুরুত্ব ব্যাখ্যা কর। ৪

৬. ▶ অল্প বয়সে বিধবা হয়েছেন সোনিয়া দাস। তার সম্বল বলতে কেবল একমাত্র ছেলেটি। তবে স্বামী মারা গেলে ও শ্বশুরবাড়ির লোকজনের কাছ থেকে

http://teachingbd.com

তিনি যথেষ্ঠ সহায়তা পান। সবাই তাকে অত্যন্ত ভালোবাসে। তাই তিনি নিজের একাকিত্ব অনেকটা কাটিয়ে উঠতে পারেন।

ক. Sociology শব্দটি কে প্রবর্তন করেন? ১

খ. সমাজকর্মের দু'টি উদ্দেশ্য লেখ। ২

গ. উদ্দীপকের সোনিয়া দাসের বর্তমান অবস্থার সাথে তৎকালীন হিন্দু সমাজব্যবস্থার পার্থক্য কোথায়? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'উদ্দীপকের সোনিয়া দাসের বর্তমান অবস্থানে রাজা রামমোহন রায়ের অবদান অপরিসীম'- সপক্ষে যুক্তি দাও। ৪

**৭.▶** সবুজ ও শিমুল দুই বন্ধু ঢাকা বিশ্ববিদ্যালয়ে পড়াশুনা করে। সবুজ বলল, আমি এমন বিষয়ে পড়াশুনা করি, যা মানুষের অসীম অভাব ও সীমিত সম্পদের মধ্যে কিভাবে মন্বয় সাধন করা যায়, তা শেখায়। অপরদিকে শিমুল বলল, আমার পঠিত বিষয়টি মানুষ ও প্রাণীর আচরণ নিয়ে বিস্তারিত আলোচনা করে। তবে উভয়ের লক্ষ্যই হলো মানবকল্যাণ।

ক. নৃ-বিজ্ঞান কী? ১

খ. সমাজবিজ্ঞান বলতে কী বুঝ? ২

গ. শিমুল কোন বিষয়ে পড়াশুনা করছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'উদ্দীপকের সবুজ ও শিমুলের বিষয়ের লক্ষ্য ও উদ্দেশ্য একই'- বিশ্লেষণ কর। ৪

**৮.▶** কলেজ ছাত্রী সুহি প্রায়ই পাড়ার বখাটে ছেলেদের দ্বারা ইভটিজিং এর শিকার হয়। এক সময় ভয়ে সে কলেজে যাওয়া বন্ধ করে দেয়। ঘর থেকে বের হতে চায় না। এ সমস্যা মোকাবেলায় সুহির বাবা একজন সমাজকর্মীর শরণাপন্ন হলেন। সমাজকর্মী সুহির সাথে গভীরভাবে আলোচনা করে সমস্যা মোকাবিলা করে তাকে স্বাভাবিক জীবনে ফিরিয়ে আনেন।

ক. পৌরনীতি কী? ১

খ. বায়তুল মাল বলতে কী বুঝ? ২

গ. উদ্দীপকের সুহির সমস্যা মোকাবিলায় সমাজকর্মী সমাজকর্মের কোন পদ্ধতি প্রয়োগ করেছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের সুহির সমস্যার কার্যকর সমাধানের জন্য উক্ত পদ্ধতির সাধারণ নীতিমালাগুলো অনুসরণ অপরিহার্য-ব্যাখ্যা দাও। ৪

Teachingbd.com

৯. ▶ ডিশ চ্যানেলের প্রভাবে ছোট ছোট শিশুরা বিদেশি কার্টুন সিরিয়ালে আসক্ত হয়ে পড়ছে। তরুণ-তরুণীদের বিনোদনের অন্যতম মাধ্যম হয়ে ওঠেছে বিদেশী চ্যানেলগুলোর অশ্লীল গান-নাচ। ভারতীয় নাটক সিরিয়াল কী হলো এগুলোই এখনকার গৃহবধূদের প্রধান আলোচ্য বিষয় হয়ে দাঁড়িয়েছে। বাচ্চারা কথায় কথায় হিন্দি ব্যবহার করছে। এসব দেখে সমাজকর্মী মিশু এখন চিন্তিত, এই ব্যাপক দর্শক শ্রেণিরই বা শেষ পরিণতি কী হতে চলেছে?

ক. ব্যক্তি সমাজকর্মের প্রধান উপাদান কী? ১

খ. সমষ্টি উন্নয়ন ও সমষ্টি সংগঠনের মধ্যে দুটি পার্থক্য লেখ। ২

গ. উদ্দীপকের ঘটনাগুরো সমাজকর্মের কোন কোন পদ্ধতির প্রয়োগক্ষেত্র হিসেবে বিবেচিত হতে পারে? চিহ্নিত কর। ৩

ঘ. উদ্দীপকের পরিস্থিতির কারণে ভবিষ্যতে সম্ভাব্য সমস্যা মোকাবিলায় কী কী পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে? আলোচনা কর। ৪

১০. ▶ হামজা একজন পেশাদার সমাজকর্মী। তার কর্মরত প্রতিষ্ঠানে যেখানে সিদ্ধান্ত দ্রুত নেয়া দরকার সেখানে আমলাতন্ত্রের কারণে সিদ্ধান্ত নিতে বিলম্ব হয়। তাদের কোনো পেশাগত সংগঠন না থাকায় এক্ষেত্রে তারা কাজের ক্ষেত্রে কার্যকর কোনো ভূমিকা রাখতে পারছে না।

ক. উন্নয়নশীল বিশ্বে সমস্যা কী কেন্দ্রিক? ১

খ. বাংলাদেশে সমাজকর্ম প্রশিক্ষণ কোর্স চালু করা হয় কেন? ২

গ. উদ্দীপকে হামজার কর্মক্ষেত্রে সমাজকর্মের কোন কোন প্রতিবন্ধকতা ফুটে ওঠেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উপযুক্ত পদক্ষেপ গ্রহণের মাধ্যমেই এসব প্রতিবন্ধকতা দূরীকরণ সম্ভব- তোমার মতামত দাও। ৪

১১. ▶ মামুন অনার্স শেষ বর্ষের ফিল্ড ওয়ার্কে ধানমন্ডির 'HI-CARE' এ তিন মাসের গবেষণার কাজ করেন। আধুনিক পৃথিবীতেও কীভাবে বঞ্চিত হচ্ছে প্রতিবন্ধী, বধির শিশুরা তার বাস্তব চিত্র সে দেখে। সরকার বিভিন্ন নীতিমালা ও পরিকল্পনা গ্রহণ করলেও এর কোনটির বাস্তবায়নের দিকে কখনও নজর দেয় না, এটি তার কাছে মনে হয়েছে।

ক. সামাজিক নীতি কি? ১

খ. সামাজিক পরিকল্পনা বলতে কী বোঝায়? ২

গ. শিক্ষানীতি ২০১০ এর মূল উদ্দেশ্যসমূহ কী কী? বর্ণনা কর। ৩

ঘ. 'আধুনিক পৃথিবীতেও বঞ্চিত হচ্ছে প্রতিবন্ধী শিশুরা'- শিক্ষানীতি ২০১০ 'প্রতিবন্ধী ও অবাঞ্ছিত শিশু' এর আলোকে ব্যাখ্যা কর। ৪

Teachingbd.com

# বিষয় ঃ সমাজকর্ম-প্রথম পত্র

বিষয় কোড: ২ ৭ ১

সময়- ৩০ মিনিট

## বহুনির্বাচনি প্রশ্ন

পূর্ণমান: ৩০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে]

**১. সনাতন সমাজকল্যাণের পরিশীলিত রূপ কোনটি?**
ক) ঐতিহ্যবাহী সমাজকল্যাণ
খ) সমাজকর্ম
গ) শিল্প সমাজকর্ম
ঘ) সমাজবিজ্ঞান

**২. ব্যক্তি, দল ও সমষ্টির সমস্যা সমাধানে কীভাবে সমাজকর্ম সহায়তা করে?**
ক) বিভিন্ন পদ্ধতি ব্যবহারের মাধ্যমে
খ) আর্থিক সাহায্য করে
গ) শিক্ষা প্রদানের মাধ্যমে
ঘ) বিভিন্ন পরামর্শ প্রদান করে

**৩. সমাজকর্ম সার্বিক কার্যাবলি পরিচালনা করে—**
i. সর্ব শ্রেণির জনগোষ্ঠীর কল্যাণের জন্য
ii. সরকার ও জনগণের মধ্যে সুসম্পর্ক স্থাপনের জন্য
iii. স্থিতিশীল সামাজিক পরিবেশ সৃষ্টির জন্য
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii
খ) ii ও iii
গ) i ও iii
ঘ) i, ii ও iii

**৪. কোন আইনকে বর্তমান বিশ্বের আধুনিক ও পেশাদার সমাজকর্মের ভিত্তি হিসেবে বিবেচনা করা যায়?**
ক) দরিদ্র আইন ১৬০১
খ) দরিদ্র সংস্কার আইন ১৮৩৪
গ) ১৯০৯ খ্রিষ্টাব্দের শ্রমিক বিনিয়োগ আইন
ঘ) বেকারত্ব আইন ১৯৩৪

**৫. ইংল্যান্ডে সামাজিক নিরাপত্তা কর্মসূচির আদর্শ মডেল হিসেবে স্বীকৃত—**
ক) ১৬০১ খ্রিষ্টাব্দের দরিদ্র আইন
খ) ১৯০৫ সালের দরিদ্র আইন কমিশন
গ) বিভারিজ রিপোর্ট
ঘ) দান সংগঠন সমিতি

**৬. 'ব্ল্যাক ডেথ' হলো—**
i. প্লেগ রোগজনিত মৃত্যু
ii. শিল্প দুর্ঘটনায় মৃত্যু
iii. তীব্র শ্রমিক সংকট
**নিচের কোনটি সঠিক?**
ক) i
খ) i ও ii
গ) ii ও iii
ঘ) i, ii ও iii

**৭. '১৮৩৪ সালের দরিদ্র আইন সংস্কার' এ আইনটিকে নির্মম বলা হয় কেন?**
ক) দরিদ্রদের ভিক্ষাবৃত্তি বন্ধ করে দেওয়ায়
খ) শ্রমাগারে দরিদ্রদের ওপর নির্যাতন করার বিধান থাকায়
গ) দরিদ্রদের সামাজিকভাবে বসবাসের অধিকার কেড়ে নেওয়ায়
ঘ) দরিদ্রদের মেরে ফেলার বিধান থাকায়

**নিচের উদ্দীপকটি পড়ে ৮ ও ৯ নং প্রশ্নের উত্তর দাও:**
আমেরিকার ৭টি পেশাগত সংগঠনের সমন্বয়ে একটি সমিতি গঠিত হয়েছে। সমিতিটি সমাজকর্ম পেশার মান উন্নয়নে কাজ করে যাচ্ছে। উক্ত সমিতির প্রাথমিক লক্ষ্যের মধ্যে রয়েছে সংগঠনগুলোর কর্মীদের পেশাগত মান উন্নয়নে, বাস্তব উপযোগী নীতি প্রণয়ন ইত্যাদি।

**৮. উদ্দীপকে কোন প্রতিষ্ঠানটির কথা বলা হয়েছে?**
ক) NASW (এনএএসডব্লিউ)
খ) জাতীয় মহিলা সমিতি
গ) CSWE (সিএসডব্লিউই)
ঘ) দান সংগঠন সমিতি

**৯. এ প্রতিষ্ঠানটির প্রাথমিক লক্ষ্য সমাজকল্যাণমূলক সংগঠনগুলোকে—**
i. বাস্তবসম্মত পরিচালনা গ্রহণে সহায়তা করবে
ii. অধিকতর কার্যকর করবে
iii. আর্থিকভাবে লাভবান করবে
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii
খ) ii ও iii
গ) i ও iii
ঘ) i, ii ও iii

**১০. কোন সমাজে সমাজকর্ম একটি সাহায্যকারী পেশা হিসেবে স্বীকৃত?**
ক) আধুনিক সমাজে
খ) পাশ্চাত্যের উন্নত সমাজে
গ) আদিম সমাজে
ঘ) অনুন্নত সমাজে

**১১. যে কোনো পেশাকে পরিপূর্ণ পেশার মর্যাদা অর্জন করতে হলে—**
i. রাষ্ট্রের স্বীকৃতি অর্জন জরুরি
ii. সেবামূলক মানসিকতা আবশ্যক
iii. সুশৃঙ্খল জ্ঞানভাণ্ডারের প্রয়োজনীয়তা
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii
খ) ii ও iii
গ) i ও iii
ঘ) i, ii ও iii

**১২. পূর্ব সিদ্ধান্ত অনুযায়ী সুনির্দিষ্ট নীতি ও পরিকল্পনার মাধ্যমে সমাজে বাঞ্ছিত পরিবর্তন আনয়নে মানুষকে সচেতন করে তোলে কোনটি?**
ক) সনাতন সমাজকল্যাণ
খ) আধুনিক সমাজকল্যাণ
গ) স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ
ঘ) অপেশাদার সমাজকল্যাণ

**১৩. প্রাক শিল্পযুগে সমাজসেবার চালিকাশক্তি ছিল—**
ক) ধর্মীয় অনুশাসন
খ) বিভিন্ন ট্যাবু
গ) ভ্রাতৃত্ববোধ
ঘ) সেনাশাসন

**১৪. সামাজিক উন্নয়ন ও সমাজসেবামূলক কার্যক্রম পরিচালনা করে জনসমষ্টির জীবনমান উন্নয়নে কোনটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে?**
ক) সমাজবিজ্ঞান
খ) সমাজকর্ম
গ) রাষ্ট্রবিজ্ঞান
ঘ) নৃবিজ্ঞান

**নিচের উদ্দীপকটি পড়ে ১৫ ও ১৬ নং প্রশ্নের উত্তর দাও:**
রাজিব আহমেদ গত ৩০ বছর যাবৎ একটি প্রতিষ্ঠানের পরিচালক হিসেবে দায়িত্ব পালন করে যাচ্ছেন। তার প্রতিষ্ঠানটি পরিত্যক্ত, এতিম ও দুস্থ পরিবারের শিশু ও কিশোরদের আশ্রয় ও ভরণ-পোষণের ব্যবস্থা করে থাকে। এটি সনাতন সমাজকল্যাণ প্রতিষ্ঠানের মধ্যে খুবই গুরুত্বপূর্ণ।

http://teachingbd.com

১৫. উদ্দীপকে রাজিব সাহেব কোন প্রতিষ্ঠানের পরিচালক হিসেবে দায়িত্ব পালন করে যাচ্ছেন?
ⓚ এতিমখানা ⓚ ডে-কেয়ার সেন্টার
ⓖ প্রাথমিক বিদ্যালয়
ⓘ কিশোর অপরাধ সংশোধন কেন্দ্র

১৬. উক্ত প্রতিষ্ঠানটির বৈশিষ্ট্য হলো—
শিশু-কিশোরদের অন্তর্নিহিত ক্ষমতা বিকাশের জন্য শিক্ষা ও কারিগরি শিক্ষার ব্যবস্থা করা
i. মেয়ে নিবাসীদের বিয়ে দিয়ে সাংসারিক জীবনে পুনর্বাসনের ব্যবস্থা করা
ii. একঘেয়েমি দূর করার জন্য বিনোদনমূলক কার্যক্রমের ব্যবস্থা করা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

১৭. আদিম ও সভ্য মানুষের জীবনধারার তুলনামূলক আলোচনা, বিবাহ ও পরিবারের বিবর্তন বিষয় আলোচনা— সামাজিক বিজ্ঞানের কোন শাখার বিষয়বস্তু?
ক রাষ্ট্রবিজ্ঞান খ সামাজিক ইতিহাস
গ নৃবিজ্ঞান ঘ মনোবিজ্ঞান

১৮. কোন বিষয়কে মানুষ ও প্রাণীর মন ও আচরণের বিজ্ঞান বলা হয়?
ক নৃবিজ্ঞান খ মনোবিজ্ঞান
গ সমাজবিজ্ঞান ঘ জীববিজ্ঞান

১৯. সমাজকর্ম ও চিকিৎসা পেশার সম্পর্ক হচ্ছে—
উভয় পেশা মানবকল্যাণমূলক
i. উভয় পেশা বিজ্ঞানসম্মত পদ্ধতি অনুসরণ করে
ii. উভয় পেশা মানুষকে রক্ষণশীল করে তোলে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

২০. সমাজকর্ম কীভাবে মানুষকে স্বাবলম্বী করতে চায়?
ক অর্থনৈতিক সাহায্যদানের মাধ্যমে
খ উৎসাহ প্রদানের মাধ্যমে
গ সুপ্ত প্রতিভার বিকাশ সাধনের মাধ্যমে
ঘ প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে

২১. যে সকল পন্থা অবলম্বন করে সমাজকর্মের জ্ঞান বাস্তব ক্ষেত্রে প্রয়োগের মাধ্যমে পেশার অনুশীলন করা হয় সেগুলোকে কী বলে?
ক সমাজকর্মের উৎস খ সমাজকর্মের পদ্ধতি
গ সমাজকর্মের প্রকৃতি ঘ সমাজকর্মের পরিধি

২২. ব্যক্তি সমাজকর্মে একজন ব্যক্তির মক্কেল হওয়ায় পূর্বশর্ত কী?
ক পেশাদার প্রতিনিধি হওয়া
খ চরম সাহসী হওয়া গ প্রতিবন্ধী হওয়া
ঘ সমস্যাগ্রস্ত হওয়া

২৩. ব্যক্তি সমাজকর্মের সফলতা কীসের ওপর নির্ভর করে?
ক পেশাগত সম্পর্কের ওপর
খ পারিবারিক বন্ধনের ওপর
গ সামাজিক মর্যাদার ওপর
ঘ বংশ মর্যাদার ওপর

২৪. অপেক্ষাকৃত উন্নত ও সুসংগঠিত সমষ্টিতে প্রয়োগ করা হয় কোনটি?
ক সমষ্টি উন্নয়ন খ সমষ্টি সংগঠন
গ ব্যক্তি সমাজকর্ম ঘ দল সমাজকর্ম

২৫. জাতীয় নারী উন্নয়ন নীতি বাস্তবায়নের জন্য বন্ধ করতে হবে—
i. বাল্যবিবাহ
ii. যৌতুকের জন্য নিপীড়ন
iii. এসিড, সন্ত্রাস ও যৌন হয়রানি
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

নিচের উদ্দীপকটি পড়ে ২৬ ও ২৭ নং প্রশ্নের উত্তর দাও:
নীলগঞ্জ সরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রতিবছর বিজ্ঞান মেলার আয়োজন করে শিশুদের কম্পিউটার শিক্ষায় পারদর্শী করে তোলা হয়। এ মেলায় অংশগ্রহণ করে শিশুরাও দারুণ মজা পায়।

২৬. উদ্দীপকে বর্ণিত উদ্যোগের ফলে শিশুরা কী ধরনের মানুষ হিসেবে গড়ে উঠবে?
ক বিজ্ঞানমনস্ক খ সংস্কৃতিবান
গ জ্ঞানী ও প্রজ্ঞাবান ঘ আদর্শবান

২৭. এ ধরনের উদ্যোগ গ্রহণের কারণে সম্ভব হবে—
i. বিশ্বের সাথে তাল মেলানো
ii. শিশুদের কারিগরি উন্নয়ন
iii. শিশুদের অর্থনৈতিক উন্নয়ন
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

২৮. প্রিয়া তার সন্তানকে ছোটবেলা থেকেই দেশের প্রতি ভালোবাসা ও মমত্ববোধ সৃষ্টির শিক্ষা দিচ্ছে। এতে প্রিয়ার সন্তান কী ধরনের মানুষ হিসেবে গড়ে উঠবে?
ক দায়িত্বশীল খ জ্ঞানী ও ন্যায়বান
গ সংস্কৃতিবান ঘ আধুনিক

২৯. বাংলাদেশে কীভাবে সমাজকর্ম শিক্ষা বিকাশ লাভ করে?
ক পাকিস্তান সরকার কর্তৃক ১৯৫১ সালে জাতিসংঘের কাছে পরামর্শ ও সাহায্য আবেদনের মাধ্যমে
খ ১৯৫২ সালে জাতিসংঘ কর্তৃক প্রেরিত কার্যকর সাহায্য কর্মসূচির মাধ্যমে
গ ১৯৫৩ সালে ঢাকায় তিন মাসব্যাপী প্রশিক্ষণ কোর্সের মাধ্যমে
ঘ ১৯৫৫ সালে বর্তমান হাউসে নয় মাসব্যাপী প্রশিক্ষণ কোর্সের মাধ্যমে

৩০. বাংলাদেশে সমাজকর্ম পেশার বিকাশ ব্যাহত হচ্ছে কেন?
ক পেশাগত সংগঠন না থাকার কারণে
খ উপযুক্ত শিক্ষাব্যবস্থার অভাবে
গ শিক্ষার্থীর অভাবে
ঘ সরকারি অনুদানের অভাবে

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | খ | ২ | ক | ৩ | গ | ৪ | ক | ৫ | গ | ৬ | ক | ৭ | খ | ৮ | ক | ৯ | ক | ১০ | ক | ১১ | গ | ১২ | খ | ১৩ | ক | ১৪ | খ | ১৫ | ক |
| | ১৬ | ঘ | ১৭ | গ | ১৮ | খ | ১৯ | ক | ২০ | গ | ২১ | খ | ২২ | ঘ | ২৩ | ক | ২৪ | খ | ২৫ | ঘ | ২৬ | ক | ২৭ | ক | ২৮ | ক | ২৯ | গ | ৩০ | ক |

http://teachingbd.com